

আমরা জনগণের পক্ষে

বাংলাদেশ প্রতিদিন

২৫ জুলাই, ২০১৯ ১০:৫৬

নজরুল বিশ্ববিদ্যালয়ে উইমেন পিস ক্যাফের কমিটি গঠন ও বৃত্তি প্রদান



জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের (জাককানইবি) নারী শিক্ষার্থীদের নিয়ে সংগঠন উইমেন পিস ক্যাফের নতুন কমিটি গঠন ও বৃত্তি প্রদান করা হয়েছে।

গতকাল বুধবার বেলা সাড়ে চারটায় উপাচার্যের অফিস কক্ষে বৃত্তি প্রদান শেষে উপাচার্য প্রফেসর ড. এ এইচ এম মোস্তাফিজুর রহমান আগামী এক বছরের জন্যে ১৩ সদস্যের একটি কমিটি ঘোষণা করেন।

ইউএন উইম্যান এর অর্থায়নে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর পিস অ্যান্ড জাস্টিস (সিপিজে) এর তত্ত্বাবধানে বিশ্ববিদ্যালয়ে ১৫৮জন শিক্ষার্থীদের নারী উদ্যোক্তা বিষয়ক প্রশিক্ষণের পর শ্রেষ্ঠ বিজনেস আইডিয়া প্রদানকারী দুইটি দলকে এই বৃত্তি প্রদান করা হয়।

উইমেন পিস ক্যাফের চিফ মেন্টর প্রভাষক অলি উল্লাহ্ এর সঞ্চালনায় এসময় আরও উপস্থিত ছিলেন জাককানইবি, উইমেন পিস ক্যাফের মেন্টর, মাহবুবুর রহমান, সাকার মুস্তাফা, ফারজানা নাজ স্বর্ণ প্রভা, রাফিয়া রহমান প্রমুখ।

কমিটিতে সভাপতি পদে মাহমুদা স্বর্ণা, সহ-সভাপতি হিসেবে ফাইজা ওমর তূর্না, সাধারণ সম্পাদক হিসেবে জেসমিন আক্তার জুই, সহ-সম্পাদক পদে মাশকাতুল জান্নাত কোষাধক্ষ্য হিসেবে নুসরাত জাহান। এছাড়াও সেজুতি ধর, জেসমিন খাতুন, জাকিয়া সুলতানা, মুক্তা, হুমায়রা হাফিজ, সানজিদা বিনতে, ইরা ও মালতী রাণী কার্যনির্বাহী সদস্য হিসেবে কমিটিতে রয়েছে।

বিশ্ববিদ্যালয় এর উপাচার্য প্রফেসর ড. এ এইচ এম মোস্তাফিজুর রহমান বলেন, প্রতিষ্ঠিত এই উইমেন পিস ক্যাফের মাধ্যমে নারীর ক্ষমতায়ন, নারীদের উদ্ভাবনী চিন্তার প্রয়োগ-বাস্তবায়ন এবং নারী উদ্যোক্তা তৈরীতে একটি সৃষ্টিশীল প্ল্যাটফর্মের কাজ করবে সেই সাথে সকল ভালো উদ্যোগে তাদের পাশে থাকবে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

বিডি প্রতিদিন/ফারজানা

গতকাল বুধবার বেলা সাড়ে চারটায় উপাচার্যের অফিস কক্ষে বৃত্তি প্রদান শেষে উপাচার্য প্রফেসর ড. এ এইচ এম মোস্তাফিজুর রহমান আগামী এক বছরের জন্যে ১৩ সদস্যের একটি কমিটি ঘোষণা করেন।

ইউএন উইম্যান এর অর্থায়নে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর পিস অ্যান্ড জাস্টিস (সিপিজে) এর তত্ত্বাবধানে বিশ্ববিদ্যালয়ে ১৫৮জন শিক্ষার্থীদের নারী উদ্যোক্তা বিষয়ক প্রশিক্ষণের পর শ্রেষ্ঠ বিজনেস আইডিয়া প্রদানকারী দুইটি দলকে এই বৃত্তি প্রদান করা হয়।

উইমেন পিস ক্যাফের চিফ মেন্টর প্রভাষক অলি উল্লাহ এর সঞ্চালনায় এসময় আরও উপস্থিত ছিলেন জাককানইবি, উইমেন পিস ক্যাফের মেন্টর, মাহবুবুর রহমান, সাকার মুস্তাফা, ফারজানা নাজ স্বর্ণ প্রভা, রাফিয়া রহমান প্রমুখ।

কমিটিতে সভাপতি পদে মাহমুদা স্বর্ণা, সহ-সভাপতি হিসেবে ফাইজা ওমর তূর্না, সাধারণ সম্পাদক হিসেবে জেসমিন আক্তার জুই, সহ-সম্পাদক পদে মাশকাতুল জান্নাত কোষাধক্ষ্য হিসেবে নুসরাত জাহান। এছাড়াও সেজুতি ধর, জেসমিন খাতুন, জাকিয়া সুলতানা, মুক্তা, হুমায়রা হাফিজ, সানজিদা বিনতে, ইরা ও মালতী রাণী কার্যনির্বাহী সদস্য হিসেবে কমিটিতে রয়েছে।

বিশ্ববিদ্যালয় এর উপাচার্য প্রফেসর ড. এ এইচ এম মোস্তাফিজুর রহমান বলেন, প্রতিষ্ঠিত এই উইমেন পিস ক্যাফের মাধ্যমে নারীর ক্ষমতায়ন, নারীদের উদ্ভাবনী চিন্তার প্রয়োগ-বাস্তবায়ন এবং নারী উদ্যোক্তা তৈরীতে একটি সৃষ্টিশীল প্লার্টফর্মের কাজ করবে সেই সাথে সকল ভালো উদ্যোগে তাদের পাশে থাকবে বিশ্ববিদ্যালয় প্রশাসন।